



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

1st. Term: Answer Worksheet - 6



**Class: 3**

**Subject: Bengali Text (প্রজাপতি)**

**Date : 24/7/2020**

১। প্রজাপতি কবিতার শেষ ৮ লাইন লেখ।

উঃ প্রজাপতি

যোগীন্দ্রনাথ সরকার

যার দয়াতে গোলাপ ফোটে ---

লোহিত বরন মাখা

যার দয়াতে হাসির ছটায়

শিশুর আনন ঢাকা,

রবি- শশী ফুটিয়ে জগৎ

আলো করেন যিনি,

প্রজাপতির পাখায় হেন

সাজ দিয়েছেন তিনি।

২। কার দয়ায় এই পৃথিবী সৃষ্টি হয়েছে বলে কবি মনে করেন ? তিনি এই কবিতায় আর কী কী উদাহরণ দিয়েছেন লেখ।

উঃ ঈশ্বরের দয়ায় এই পৃথিবী সৃষ্টি হয়েছে।

কবি এই কবিতায় ঈশ্বরের সৃষ্টি অনেক জিনিসের মধ্যে রঙিন রঙিন ফুল, লালগোলাপ, অপূর্ব সুন্দর রঙিন রঙিন প্রজাপতি। যার রঙে রামধনুর ছোঁয়া থাকে। শিশুর মুখের হাসি। পৃথিবীকে আলোকিত করার জন্য সূর্য আর চন্দ্র প্রভৃতি উদাহরণ দিয়েছেন।

৩। ইন্দ্রধনু কী ? ইন্দ্রধনু সম্পর্কে কী জান লেখ ?

উঃ ইন্দ্রধনু হলো রামধনু।

রামধনু হলো আকাশে ধনুকাকৃতি একটি রঙিন আলোর দৃশ্য। বাতাসের মধ্যে জলকণায় সূর্যের আলোর প্রতিফলনে রামধনু তৈরি হয়। সাধারণত বৃষ্টির পরে আকাশে সূর্যের বিপরীত দিকে এটি দেখা যায়। এতে সাতটি রঙ দেখা যায়। সূর্যের আলোয় লাল, বেগুনি, হলুদ, সবুজ, কমলা, নীল ও আকাশি রঙ রামধনুতে দেখা যায়।

৪। রবি ও শশী কী এর পরিচয় দাও।

উঃ রবি কথাটির অর্থ হল সূর্য। সূর্য হল একটি তারা। সূর্যের আলো ও তাপ পৃথিবীর প্রাণীজগতের বেঁচে থাকার জন্য খুব দরকার।

শশী কথার অর্থ হল চাঁদ। চাঁদ হল পৃথিবীর উপগ্রহ। চাঁদের নিজের কোনো আলো নেই। সূর্যের আলোয় আলোকিত। রাতের আকাশে আমরা চাঁদের আলো দেখি।

Manashi Chaudhuri